

ঢাকা ওয়াসা

- (০১) এফ.এম বিভাগ-২ এর ২০২৫-২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত কর্ম-পরিকল্পনার ফটোকপি।
- (০২) পূর্বনুমোদিত দর।
- (০৩) আলোচ্য কাজের প্রতিবেদন।
- (০৪) আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Replacement & Re-installation of 35 Nos. electric sub-stations under MODS Circle-2, DWASA (Lot-2) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৪ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। মডস সার্কেল-২ এর আওতাধীন ৬৯০ টির অধিক গভীর নলকূপে পাম্প মোটর চলমান আছে। উল্লেখিত পাম্প সমূহের সকল প্রকার বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজ এফ.এম. বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। মডস সার্কেল-২ এর আওতাধীন মডস জোন-৪/৫/৮/৯/১০ এর বিভিন্ন গভীর নলকূপের উৎপাদন কমে যাওয়ায় বর্তমানে Emergency Water Supply Project (EWSP) হতে নতুন/প্রতিস্থাপন/স্ট্যান্ডবাই কূপ খননের কাজ চলমান আছে। নতুন/প্রতিস্থাপন/স্ট্যান্ডবাই কূপ খননের স্বার্থে বিদ্যমান পাম্প-ঘরটি ভেঙ্গে অস্থায়ীভাবে ঘর নির্মাণ করার প্রয়োজন হয়। সেক্ষেত্রে বিদ্যমান ঘরে স্থাপিত ডিএফডি, এল টি প্যানেল সহ বৈদ্যুতিক মালামাল ও ক্যাবল অস্থায়ীভাবে নির্মিত ঘরে স্থানান্তর ও স্থাপন করে অস্থায়ী ঘর হতে পাম্প-কন্ট্রোলিং ডিভাইস দ্বারা পাম্প-মোটর পরিচালনায় করার প্রয়োজন পড়ে। অনেক সময় ট্রান্সফরমারসহ সাব-স্টেশনের বৈদ্যুতিক মালামাল অস্থায়ীভাবে স্থানান্তরের প্রয়োজন হয়। গভীর নলকূপ এবং পাম্প হাউজ নির্মাণ শেষে পুনরায় স্থায়ীভাবে সাবস্টেশন শিফটিং এর প্রয়োজন হয়। এক্ষেত্রে সাব-স্টেশনের বৈদ্যুতিক মালামাল স্থানান্তর ও প্রতিস্থাপন কাজে সার্বিক সহযোগিতার জন্য Emergency Water Supply Project (EWSP) এবং মডস জোন কর্তৃক অত্র বিভাগকে পত্র ও মৌখিকভাবে চাহিদা প্রদানপূর্বক অনুরোধ করেন। পত্র প্রাপ্তি সাপেক্ষে অত্র বিভাগ হতে ডেসকো/ডিপিডিসি এর সহযোগীতায় বৈদ্যুতিক এইচটি লাইনের শাট-ডাউন নিয়ে বৈদ্যুতিক/যান্ত্রিক মালামাল স্থানান্তর কাজ করা হয়ে থাকে। উল্লেখ্য বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত লট-১ এর অনুমোদিত শিফটিং কাজটি চলমান আছে। চাহিদা মোতাবেক পানি সরবরাহ ও শুষ্ক মৌসুমে পানির সংকট মোকাবিলা করার স্বার্থে মডস জোনের চাহিদার প্রেক্ষিতে পানি পূঃ ও উঃ সার্কেল কর্তৃক প্রতিস্থাপন কূপ খনন করার প্রয়োজনে দ্রুততম সময়ে বৈদ্যুতিক/যান্ত্রিক মালামাল স্থানান্তর করার জন্য পানির পাম্পের বৈদ্যুতিক সাব স্টেশন Replacement & Re-installation কাজটি করা প্রয়োজন। এতদ্বলক্ষে, পূর্বনুমোদিত দরের ভিত্তিতে বিভিন্ন পানির পাম্পে ৩৫ টি বৈদ্যুতিক সাব স্টেশন Replacement & Re-installation কাজের একটি প্রাক্কলন উপস্থাপন করা হ'ল। যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে =১২,৪৬,৩৮২.৯০৭/- (বার লক্ষ ছিচল্লিশ হাজার তিনশত বিরাশি দশমিক নয় শূণ্য সাত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-১৪, (PW-06) এ LTM, e-GP মাধ্যমে অন্তর্ভুক্ত আছে। যা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের আওতাধীন।

০২। আলোচ্য কাজ ও কাজের মালামাল সমূহ বিশেষ ধরনের কারিগরি বৈশিষ্ট্যসম্পন্ন হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ ২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) মাধ্যমে দরপত্র আহবান করা যেতে পারে। আলোচ্য কাজে Procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, এফ.এম. বিভাগ-২ দায়িত্ব পালন করবেন।

=০২২

০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Replacement & Re-installation of 35 Nos. electric sub-stations under MODS Circle-2, DWASA (Lot-2)" কাজটি করার লক্ষ্যে উপস্থাপিত মোট =১২,৪৬,৩৮২.৯০৭/- (বার লক্ষ ছিচল্লিশ হাজার তিনশত বিরাশি দশমিক নয় শূণ্য সাত মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM, e-GP) আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের আওতাধীন।

০১/০৭/১৫
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

০১/০৭/১৫
মোঃ মাহবুবুল হক প্রামাণিক
সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

০১/৭/১৫
(শেখ আরিফ রহমান জিও)
নির্বাহী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

০২.৭.১৫
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মার.পি.ই এন্ড এম সার্ভিস
ঢাকা ওয়াসা

০৪/০৭/১৫
২২৮
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

০৪/০৭/১৫
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষাবেক্ষণ

০৪/০৭/১৫
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।